

চট্টগ্রামে ১৫০০ পিস ইয়াবাসহ ১ জন গ্রেফতার



গোপন সংবাদের ভিত্তিতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, চট্টগ্রাম মেট্রোঃ উপঅঞ্চলের একটি টিম গতকাল (০৯/০৭/২০১৪ ইং তারিখ) রাত ২২:৩০-২৩:৩০ ঘটিকার সময়ে চট্টগ্রামস্থ কোতোয়ালী থানাধীন পুরাতন স্টেশনের প্রবেশ মুখের পশ্চিম পাশে নূর-এ-হাবীব হোটেলের সামনে আসামী মোঃ আবদুল মান্নান (৪৫), পিতা- মৃত নূরুল হক, সাং বিনাউটি মধ্যপাড়া, থানা- কসবা, জেলা- বি-বাড়ীয়া এর নিকট হতে ১,৫০০(এক হাজার পাঁচশত) পিস এ্যামফিটামিন যুক্ত ইয়াবা নামীয় ট্যাবলেট উদ্ধার করে। উদ্ধারকৃত ইয়াবা ট্যাবলেটের আনুমানিক মূল্য

৪,৫০,০০০/- টাকা। প্রাথমিক জিজ্ঞাসাবাদে জানা যায়, আসামী বি-বাড়িয়ায় সরবরাহ করার জন্য চট্টগ্রাম থেকে ইয়াবা ট্যাবলেটগুলো নিয়ে যাচ্ছিল। এ ব্যাপারে কোতোয়ালী সার্কেল পরিদর্শক জনাব জাকির হোসেন বাদী হয়ে কোতোয়ালী থানায় একটি মামলা রুজু করেন। মামলাটি বর্তমানে তদন্তাধীন আছে।

স্বাক্ষরিত
(মুকুল জ্যোতি চাকমা)
উপপরিচালক
ফোন : ০৩১-৭১১৮৫২